গাজায় রোডসাইড বিস্ফোরণে নি'হত ৫ ইস'রায়েলি সেনা, আহত ১৪



সংগৃহীত ছবি

উত্তর গাজার বেইত হানুন এলাকায় একটি রোডসাইড বোমা বিস্ফোরণে ইসরায়েলি ডিফেন্স ফোর্সেসের (আইডিএফ) পাঁচ সেনা নিহত এবং অন্তত ১৪ জন আহত হয়েছেন। এই ঘটনার ফলে গাজায় ইসরায়েলের সামরিক অভিযানের কৌশল নিয়ে নতুন করে উদ্বেগ ও প্রশ্নের জন্ম দিয়েছে।

নিহতদের মধ্যে একজনের নাম প্রকাশ করেছে আইডিএফ। তিনি হলেন ২১ বছর বয়সী স্টাফ সার্জেন্ট মোশে শ্মুয়েল নোল, যিনি নেটজাহ ইয়েহুদা ব্যাটালিয়নের সদস্য ছিলেন। এই ব্যাটালিয়ন মূলত অতি-অর্থোডক্স ইহুদি তরুণদের নিয়ে গঠিত, যারা স্বেচ্ছায় ইসরায়েলি সেনাবাহিনীতে যুক্ত হন। নিহত অপর চারজনের নাম এখনো প্রকাশ করা হয়নি।

মোশে নোলের মৃত্যুতে বেইত শেমেশের স্থানীয় জনগণ শোকাহত। তাকে স্মরণ করে একটি প্রার্থনা সভার আয়োজন করা হয়েছে স্থানীয় সিনাগগে, জানিয়েছে টাইমস অব ইসরায়েল।

বিশ্লেষকরা বলছেন, এই হামলার পর গাজায় ইসরায়েলের সামরিক অভিযান আরও তীব্র হতে পারে। ইতিমধ্যে, গত ২৪ ঘণ্টায় গাজার বিভিন্ন অঞ্চলে ইসরায়েলি হামলায় অন্তত ৪০ জন ফিলিস্তিনি নিহত হয়েছেন বলে জানিয়েছে গাজার স্বাস্থ্য মন্ত্রণালয়।

LENS ASIA